


TPACK Model

প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে শিক্ষাক্ষেত্রে এর ব্যবহার কত যে ব্যাপক তা বলার অপেক্ষা রাখে না। বিশেষ করে মাল্টিমিডিয়া ক্লাস, কম্পিউটার ল্যাব, ডিজিটাল হাজিরা ইত্যাদি ছিল আমাদের পরিচিত শিক্ষাপ্রযুক্তি। COVID-19 পরিস্থিতিতে ICT - এর বহুমাত্রিক ব্যবহার (ভার্চুয়াল বা অনলাইন ক্লাস) শিক্ষাক্ষেত্রে নতুনমাত্রা যোগ করেছে। প্রাসঙ্গিক সূত্রে TPACK Model সম্পর্কে কিছুটা ধারণা দেওয়ার চেষ্টা করব।

TPACK হলো Technological, Pedagogical and Content Knowledge। ২০০৬ সালে মিশিগান স্টেট ইউনিভার্সিটির Professor Punya Mishra এবং Dr. Matthew J. Koehler রচিত “Technological Pedagogical Content Knowledge: A Framework for Teacher Knowledge” গ্রন্থে TPACK Model বা TPACK Framework মতবাদ তুলে ধরেন।

এ মতবাদ অনুসারে শিক্ষণ-শিখন ফলপ্রসূ করার জন্য Technological Knowledge, Pedagogical Knowledge ও Content Knowledge- এর সমন্বিত জ্ঞান ও দক্ষতা প্রয়োজন। Technological Knowledge (TK) দ্বারা বিষয়বস্তু (Content) ও শিক্ষণ-শিখন কৌশলকে (Pedagogy) ফলপ্রসূ করার ক্ষেত্রে শিক্ষাপ্রযুক্তির ব্যবহারকে বোঝানো হয়েছে। Pedagogical Knowledge (PK) দ্বারা কীভাবে কার্যকর শিক্ষণ-শিখন পরিচালিত হবে তা নির্দেশ করে। Content Knowledge (CK) দ্বারা কী শিখন হবে অর্থাৎ বিষয়জ্ঞান (বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান প্রভৃতি) বোঝায়। জ্ঞান বা দক্ষতার এ তিনটি ক্ষেত্র- TK, PK ও CK পরস্পরের সাথে যুক্ত এবং একপর্যায়ে তিনটির সমন্বিতরূপ নিয়ে TPACK Framework গড়ে ওঠে।

প্রকৃতপক্ষে TPACK Model হলো শ্রেণিকক্ষে ICT-ব্যবহারের নামান্তর। প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিষয়বস্তু ও শিক্ষণ-শিখন ফলপ্রসূ করাই এ মডেলের উদ্দেশ্য।



চিত্রঃ TPACK Model

করোনাকালে ভার্চুয়াল বা অনলাইন ক্লাস পরিচালনায় বিভিন্ন হার্ডওয়্যার, সফটওয়্যার, অ্যাপ্লিকেশন ব্যবহারে শিক্ষকগণের দক্ষতা ও অংশগ্রহণ প্রশংসার দাবি রাখে। শিক্ষাপ্রযুক্তি ব্যবহারের এ ধারা অব্যাহত থাকলে, কার্যকর তত্ত্বাবধান এবং পেশাগত তাগিদ অনুভব করলে সকল শিক্ষক শ্রেণিকক্ষে ICT ব্যবহারে দক্ষ ও সক্ষম হবেন।

মিহির রঞ্জন বড়ুয়া

সহকারী শিক্ষক

বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

ইমেইলঃ mrbarua80@gmail.com